



চাপানউতোর

বিভা বসু

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

আদাড় পাদাড় ঠেকিয়ে কুটিকাটা মাঠের স আলপথ ভেঙে ওরা তিনজন চলেছে। মাঝপথে সর্বজিৎ দাঁড়িয়ে পড়ল। --- অ
ার কদ্দুর রে? জলটা একটু দে তো। শুভকাস্তি ব্যাগ থেকে মিনারেল ওয়াটার বটলটা বার করে এগিয়ে দেয়।
দুটোক খেয়ে রোদে আঙুরা হয়ে অবশেষে ওরা অকুস্থলে পৌঁছল। ওদের দেখেই একটি বউ প্রায় দৌড়ে ঘরে গিয়ে ঢুকল।
সামনে বসে এক হেঁটোখুতি বুড়ো, আমসিকাস্তি বিড়ি টানছে। সর্বজিৎ তার সামারকুল গোল্ডি আর শ্যাম্পু চুল থেকে ধুলে
া ঝাড়ল। খুব নরম গলায় সে জিজ্ঞেস করল --- ও দৌড়ে পালাল কেন? --- এঞ্জেল বস্তুর নেই বলে। বুড়ো নিস্পৃহ। --- অ
াপনার মা কী করে মারা গেলেন? বুড়োর চোখে চাঞ্চল্য ফুটল। অ, তা লিকে দ্যান যা মনে লয়। --- না আমরা সত্য
অনুসন্ধানে বেরিয়েছিতো। ওরা বলছে, না খেয়ে নাকি মারা গেছে। চোখ নাকি তার খোলা ছিল। বুড়ো উদাসচোখে দূরে
একঠেঙে নারকোল গাছটা দেখছে। --- পরেতো ছবি বেইরেচে চোখ বোজা। তুলসীপাতা দে বুইজ্যে দিইছিলুম যে বুড়ো ক
ালো ঠোঁটে বিতৃষণ। --- তা, এখনকী জানতি চায় বলেনত। খেইয়ে, না, না খেইয়ে মারা গেচে? লিকে দ্যান খেইয়েই মারা
গেছে।

তবে বিষ। বুড়ো মুখে বিচিত্র হাসি।

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com